



বাংলা প্রসার কমিটি

Take Pride in Learning Bangla

Bangla Proshar Committee

Reg. No: Y2931906

‘প্রবাসে বাংলা শিক্ষায় সারা হোসেনের সাফল্য’ শীর্ষক প্রতিবেদন প্রসঙ্গে

সম্প্রতি বাংলা-সিডনী.কম-এ প্রকাশিত ‘প্রবাসে বাংলা শিক্ষায় সারা হোসেনের সাফল্য’ শীর্ষক প্রতিবেদনটি বাংলা প্রসার কমিটির দৃষ্টিগোচর হয়েছে। এই প্রসঙ্গে কমিটির পক্ষ থেকে কিছু তথ্য নিম্নে উপস্থাপন করা হলো।

মূলতঃ বাংলাদেশের স্বাধীনতার অব্যবহিত পর থেকেই অস্ট্রেলিয়ায় প্রবাসী বাঙালী সমাজ তাঁদের ছেলে-মেয়েদের বাংলা শিক্ষাদানের প্রচেষ্টা শুরু করে। ১৯৮০-৯০ এর দশকে এখানে প্রবাসী বাঙালীর সংখ্যা বৃদ্ধির ফলে বিভিন্ন বাঙালী অধ্যুষিত এলাকায় বাংলা শিক্ষা কার্যক্রম প্রাতিষ্ঠানিক রূপলাভ করতে থাকে। সকল অভিবাসী সম্প্রদায়ের ভাষা সংরক্ষণে সরকারী অনুকূল নীতি ও সাহায্য-সহযোগিতার ফলে, অন্যান্য ভাষা-ভাষীদের মতই, বিভিন্ন বাঙালী সংগঠনের উদ্যোগে বাঙালী ছেলে-মেয়েদের বাংলা শিক্ষা কার্যক্রম বর্তমানে উল্লেখযোগ্য সম্প্রসারিত হয়েছে।

বাঙালী ছেলে-মেয়েদের বাংলা শিক্ষাদানের এই কার্যক্রম ফলে ১৯৯০ দশকে ইষ্টলেইক্স-এর বাংলাদেশ কালচারাল স্কুলের বেশ কয়েকজন বাঙালি ছাত্র-ছাত্রী বাংলা ভাষা শিক্ষায় কৃতিত্বের জন্য ‘মিনিস্টার এওয়ার্ড’ সহ অন্যান্য এওয়ার্ড পেয়েছে। তাদের মধ্যে উল্লেখযোগ্য একজন হলো শাফকাত ইনাম ওয়াজি, বাবা জনাব শাহ এনামুল হুদা। ওয়াজি ১৯৯৭ সালে বাংলাদেশ কালচারাল স্কুল ইষ্টলেইক্স থেকে বাংলা ভাষা শিক্ষায় বিশেষ কৃতিত্বের জন্য ‘মিনিস্টার এওয়ার্ড’-এ ভূষিত হয়। নিউ সাউথ ওয়েলস ইউনিভার্সিটি থেকে চিকিৎশাস্ত্রে অধ্যয়ন শেষে ওয়াজি বর্তমানে সিডনীর রয়েল প্রিন্স আলফ্রেড হাসপাতালে কর্মরত।

পরবর্তীতে মিন্টোর ক্যাম্পেলটাউন বাংলা স্কুলসহ বিভিন্ন বাঙালী সংগঠনদ্বারা পরিচালিত স্কুলের ছাত্র-ছাত্রীরা এই পুরস্কার প্রায় প্রতি বছরই পেয়ে আসছে। ২০১৩ সালে সারা হোসেন সহ বাংলা একাডেমি অস্ট্রেলিয়ার অন্যান্য ছাত্র-ছাত্রীদের বাংলা ভাষায় কৃতিত্বের জন্য সম্মানজনক পুরস্কার পাওয়া অত্যন্ত প্রশংসনীয় এবং আমাদের সকলের জন্য আনন্দের বিষয়।

তবে প্রতিবেদনে প্রকাশিত ‘সারা হোসেনই প্রথম বাংলাভাষী যে বাংলা ভাষায় ব্যুৎপত্তির জন্য এই সম্মানজনক পুরস্কারটি লাভ করল’ তথ্যটি সঠিক নয়। প্রচারিত প্রতিবেদনের এই সংশোধনী প্রকাশ করার জন্য বাংলা-সিডনী.কম-এর সম্পাদকমহোদয়কে অনুরোধ জানাচ্ছি। এর ফলে অস্ট্রেলিয়ায় বাংলা শিক্ষায় বাঙালী ছেলে-মেয়েদের অর্জন সম্পর্কে পাঠকবৃন্দ সঠিক তথ্য জানতে পারবেন এবং অন্যান্য বাঙালী ছেলে-মেয়েরা বাংলা শিক্ষায় উৎসাহিত হবে।

ড: মাকসুদুল বারী

গণ-সংযোগ সম্পাদক, বাংলা প্রসার কমিটি (www.banglaprosar.org.au)

সিডনী, অস্ট্রেলিয়া

ফোন: +৬১ ৪১১ ০৮৩ ২৯২